## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মে/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা।
তারিখ ঃ ৩০/০৫/২০২৩ খ্রি.।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিতি ঃ পরিশিষ্ট-"ক"।

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৫/০৪/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, কয়রা উপজেলাধীন মহেশ্বরীপুর ইউনিয়নের হড্ডা কালী মন্দিরের পার্শ্বের খালের গোড়ায় কালবার্টটি ভেঙ্গে যাওয়ায় জনগণের যাতায়াতের সুবিধার্থে উক্ত কালবার্টটি জরুরী ভিত্তিতে নির্মাণ করা প্রয়োজন মর্মে সভায় প্রস্তাব করেন। উক্ত কাজটি জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত প্রদান করেন। উক্ত কাজের প্রাক্কলন ও প্রকল্প বাস্তবায়ন কমিটি পাওয়া গেছে যা নিম্নরূপঃ<br>প্রাক্কলিত মূল্যঃ ২,০০,০০০/-<br>ক্রঃ নং নাম ও পদবী — কমিটির পদ<br>১. মহাশিষ সরদার, ইউপি সদস্য, মহেশ্বরীপুর ইউপি — সভাপতি<br>২. শৈলেন মন্ডল,সমাজসেবক — সচিব<br>৩. দিপংকরা সানা, শিক্ষক — সদস্য<br>৪. প্রশান্ত বৈরাগী, গণমান্য — সদস্য<br>৫. রনজিতা সরদার, সমাজসেবিকা — সদস্য<br>৬. নরউত্তর মন্ডল, গণমান্য — সদস্য<br>৭. অরুন মন্ডল, সমাজসেবক — সদস্য | (ক) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে কয়রা উপজেলাধীন মহেশ্বরীপুর ইউনিয়নের হড্ডা কালী মন্দিরের পার্শ্বের খালের গোড়ায় কালবার্ট নির্মাণ কাজের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলনটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা। |
| | | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, মহেশ্বরীপুর ইউনিয়নের সাতহালিয়া মিজানের বাড়ী হতে শাহ আলমের বাড়ি অভিমুখে রাস্তাটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় জনগণের দুর্ভোগ লাঘবে রাস্তাটি ইটের সোলিংয়ের প্রস্তাব করেন। সেজন্য সভার সকলের মতামতের ভিত্তিতে জরুরী এবং উপ-সহকারী প্রকৌশলী, কয়রা, খুলনার বাস্তবতার ভিত্তিতে জরুরী কাজটি সম্পাদনের নিমিত্ত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলণ দাখিল করেন। যাহা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে একমত পোষণ করেন। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে মহেশ্বরীপুর ইউনিয়নের সাতহালিয়া মিজানের বাড়ী হতে শাহ আলমের বাড়ি অভিমুখে রাস্তাটি ইটের সোলিং দ্বারা উন্নয়ন কাজের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের চূড়ান্ত বাজেট অনুমোদনকল্পে পেশ করেন। তিনি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভূক্তির জন্য প্রকল্প দাখিলের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হন। | (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থবছরের চূড়ান্ত বাজেট সভায় অনুমোদন ও ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভূক্তকরণের জন্য প্রকল্প দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান, হাসপাতালের ৩য় তলায় বর্ধিত অংশের কাজ সমাপ্তের প্রস্তাব করেন। হাসপাতালে ০৬ জন ডাক্তার পদে পদায়ন আছে। বাকী শুন্য পদগুলো | -- | -- |

চলমান পাতা ১

| | | | | |
|---|---|---|---|---|
| | | পদায়ন করা হলে হাসপাতালের সার্বিক বিষয়ে সেবাদান নিশ্চিত করা সহজ হবে। তিনি আরও জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় বোরো মৌসুমে তরমুজের পাশাপাশি কৃষকদের মিষ্টি আলুর চাষাবাদ করার পরামর্শ প্রদান করেন। মিষ্টি আলু চাষাবাদে আর্থিক ক্ষতির সম্ভাবনা কম। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৩ উপলক্ষে কয়রা উপজেলায় কোরবানীর অস্থায়ী পশুর হাটের ভ্যাটেরিনারী মেডিকেল টিম গঠন করা হয়েছে। উক্ত ভ্যাটেরিনারী মেডিকেল টিম অস্থায়ী পশুর হাটে পশুর সুস্থতা ও অসুস্থতার পর্যবেক্ষণ করবেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় এপ্রিল/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | -- | -- |

| ক্রঃ নং | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ৬৫ দিন মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২৩ | বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা যে কোন প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২৩ বাস্তবায়ন করা হচ্ছে। ৬৫ দিন মৎস্য আহরণ হতে বিরত থাকা জেলেদের মাঝে বিশেষ ভিজিএফ (চাল) বিতরণ করা হচ্ছে। | |
| ০২. | চিংড়িতে অপদ্রব্য/দূষণ/ পুশ বিরোধী অভিযান | চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>২০/০৫/২০২৩ খ্রি. পর্যন্ত অর্জন সমূহঃ<br>(ক) মোবাইল কোর্ট- ০১টি<br>(খ) অভিযান- ৫৩ টি<br>(গ) আটক- ৫০ জন<br>(ঘ) জেল - ০১ জন<br>(ঙ) জরিমানা- ৫,৯৫,৫০০/- টাকা<br>(চ) নিলামের মাধ্যমে আদায়- ৩৬,২০০/- টাকা<br>(ছ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ২৭৪৫ কেজি | |
| ০৩. | "সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট" এর আওতায় চিংড়ী চাষী ক্লাষ্টার এর উন্নয়ন কার্যক্রম | প্রশিক্ষণঃ<br>০৩ দিনের মৌলিক কারিগরি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br>০৩ ব্যাচ (৭৫জন) কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>ক্লাষ্টার এর অবকাঠামো উন্নয়নঃ<br>খড়িয়া চিংড়ি চাষী ক্লাষ্টার, খড়িয়া, মহারাজপুর এর অবকাঠামো উন্নয়নের কার্যক্রম চলমান। | |
| ০৪. | মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান | অব্যাহত আছে। | |

<table>
<tr><td></td><td></td><td><table><tr><td>০৫.</td><td>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম</td><td>স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td></td></tr></table></td><td></td><td></td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td><td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা, সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) আওতায় সাশ্রয়কৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অব্যয়িত রয়েছে। যা দ্বারা প্রকল্প গ্রহণ করার প্রস্তাব করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান উক্ত সাশ্রয়কৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হতে মহারাজপুর কেয়ার রাস্তার সোলিংয়ের মাথা হতে বাবু গাজীর অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন প্রকল্পের গ্রহণ করার প্রস্তাব করেন। সভায় সকলে এ বিষয়ে একমত পোষন করেন।<br>প্রাক্কলিত মূল্যঃ ৫০,০০০/-
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>সামাজিক পরিচিতি</th><th>কমিটির পরিচিতি</th></tr>
<tr><td>০১</td><td>মোঃ আবু সাইদ</td><td>ইউপি সদস্য</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>মোঃ ইব্রাহিম</td><td>সমাজসেবক</td><td>সচিব</td></tr>
<tr><td>০৩</td><td>মোঃ হাবিবুর রহমান</td><td>শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>মোঃ ফিরোজ আলম</td><td>সমাজ সেবক</td><td>,,</td></tr>
<tr><td>০৫</td><td>মোঃ কালাম গাজী</td><td>গন্যমান্য</td><td>,,</td></tr>
<tr><td>০৬</td><td>মোঃ ইব্রাহিম গাজী</td><td>সমাজ সেবক</td><td>,,</td></tr>
<tr><td>০৭</td><td>মোঃ রবিউল ইসলাম</td><td>সমাজ সেবক</td><td>,,</td></tr>
</table></td><td>(ক) সভার সর্বসম্মতিক্রমে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) আওতায় সাশ্রয়কৃত ৫০,০০০/- টাকার প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা।</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার এপ্রিল/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>সেবার নাম</td><td>মোট</td></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪৩,৩১৮ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩২,৭০৮ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৫.৫৪%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতিঃ</td><td>পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০২ জন সর্বমোটঃ ০২ জন।</td></tr>
<tr><td>আই ইউ ডি</td><td>নতুন ১৭ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>নতুন ১৭ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৩৮১৬ জন</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>২০৯২৩ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>১৯৮১ জন</td></tr>
<tr><td>মা ও শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>গর্ভবতীর সংখ্যা</td><td>১৭০৯ জন</td></tr>
<tr><td>এএনসি</td><td>৩৪৮ জন</td></tr>
<tr><td>পিএনসি</td><td>৬৫ জন</td></tr>
<tr><td>ডেলিভারি</td><td>UH&FWC : ০৭ জন ও সিএসবিএ কর্তৃক: ০১ জন সর্বমোট: ০৮ জন।</td></tr>
<tr><td>জীবিত জন্ম</td><td>০৮ জন</td></tr>
<tr><td>মাতৃমৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু মৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>কেন্দ্র</td><td>৫১১ জন</td></tr>
<tr><td>কেন্দ্রের বাহিরে</td><td>১০৮ জন</td></tr>
<tr><td>সাধারণ রোগী</td><td>৩০৭৫ জন</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৯.</td><td>উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের খেলা ১২ জুন ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য পত্র পাওয়া গিয়েছে। কমিটির সভাপতি মহোদয়ের সাথে আলোচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>২০২২-২৩ অর্থবছরে স্লিপ ফান্ডের ১ম কিস্তিতে ৩৮২৭৫০০/- টাকা এবং ২য় কিস্তিতে ৩৮২৭৫০০/- টাকা সর্বমোট ৭৬৫৫০০০/- টাকা বরাদ্দ</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাওয়া গিয়েছে। ১ম ও ২য় কিস্তির অর্থ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।<br><br>বিদ্যালয় প্রতি ৪০,০০০/- টাকা হারে ৮৩টি বিদ্যালয়ে রুটিন মেরামত বাবদ মোট ৩৩২০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রধান শিক্ষকগণকে পত্র দিয়ে দ্রুত কাজ সমাপ্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।<br><br>বিদ্যালয় প্রতি ২০০০০০/- টাকা হারে ৫টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ মোট ১০০০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ২টি বিদ্যালয়ের অনুকূলে বিল প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৩টি বিদ্যালয়ের বিল প্রদানের কার্যক্রম চলমান।<br><br>পিইডিপি৪ এর আওতায় বিদ্যালয় প্রতি ১৫০০০০/- টাকা করে ৩টি বিদ্যালয়ে নিড বেইজড প্লেয়িং এক্সেসরিজ বাবদ ৪৫০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ১টি বিদ্যালয়ের অনুকূলে বিল প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২টি বিদ্যালয়ের বিল প্রদানের কার্যক্রম চলমান।<br><br>পিইডিপি৪ এর আওতায় ইমারজেন্সি ইন এডুকেশন বাবদ ৮টি বিদ্যালয়ের অনুকূলে ১৬০০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বিদ্যালয়ের তালিকা এখনও পাওয়া যায়নি।<br><br>পিইডিপি৪ এর আওতায় ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াসব্লকের রুটিন মেইনটেনেন্স বাবদ ২২০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। কার্যক্রম চলমান। | | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, কয়রা উপজেলা এসএসসি পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন হওয়ায় পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় বয়স্ক, বিধবা ভাতা সহ অন্যান্য সকল ভাতা প্রদানের অনলাইন কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা মে/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন। | -- | -- |

| বিষয় | চলতি মাস | চলতি বছর | ক্রমপুঞ্জিত | মন্তব্য |
|---|---|---|---|---|
| প্রশিক্ষণ<br>খুলনা প্রেরণ | ৬০<br>-- | ২১০<br>চলতি মাসে- ০৫ জন | ৮৭৩৮ জন | -- |
| ঋণ বিতরণ (আত্মকর্ম) | ০ | ৯,৯০,০০০/- | ১,৯৬,১১,৫০০/- | -- |
| পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ | ৮০০০০০ | ১২,৮০,০০০/- | ৪২,৪০,০০০/- | -- |
| যুব উদ্যোক্তা ঋণ বিতরণ | ০ | ২,০০,০০০/- | ২,০০,০০০/- | -- |
| ঋণ আদায় হার | ৯১% | ৯২% | ৯৬% | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| আত্মকর্মীর তথ্য | ৩ | ৩৪ | ৩৪৫২জন | -- |
| যুব সংগঠন নিবন্ধন | ০ | ০১ | ১৩ টি | -- |
| জোরদারকরণ প্রকল্প | ০ | ০ | ৩,২৫,০০০/- | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানায় পল্লী সঞ্চয় ব্যাংকের ১৯৩ টি সমিতি, সদস্য ৮৫৮২ জন। আদায়ের হার ৭৫%। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | জনাব এস, এম শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ভ্রমণ ভাতা বিল। (৭,২৮৭+৬,৬৬২+৮,৫৩৭+৬,৬৬২+৭,৯১২) | ৩৭,০৬০/- |
| ০৫. | জনাব কমলেশ কুমার সানা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ভ্রমণ ভাতা বিল। (৬,৪৯৫+৫৩৩৩/৭৫+৫,৩৬৭/৭৫+৪,৬১০+৫,৯৫০) | ২৭,৭৫৬/৫০ |
| ০৬. | জনাব নাসিমা আলম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ভ্রমণ ভাতা বিল। (৬,৪৩৭/৫০+৭,০০৮/৭৫+৬,৪৭২/৫০+৪,৮২৮/৭৫ +৬,৯৯৫) | ৩১,৭৪২/৫০ |
| ০৭. | উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯৬/- |
| ০৮. | উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৬/- |
| ০৯. | উপজেলা পরিষদ মালীর এপ্রিল/২০২৩ মাসের মজুরী বিল। | ৯,৫০০/- |
| ১০. | উপজেলা পরিষদ সুইপারের এপ্রিল/২০২৩ মাসের মজুরী বিল। | ১০,৪৫০/- |
| ১১. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর এপ্রিল/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২২,৪৬৪/- |
| ১২. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এর নিজস্ব সম্পত্তির বাংলা ১৪২৯ সনের জন্য উপজেলা পরিষদ ১২.০০ একর, স্টেডিয়াম ১.৯৫৫০ একর ও হ্যালিপ্যাড, ৩.৮৭৫০ একর মোট ১৭.৮৩ একর সম্পদের ভূমি উন্নয়ন কর | ১৩,১৬৬/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

তারিখঃ ৩০-০৫-২০২৩ খ্রিঃ।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩-৮৬(৪৫)

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

**অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা..................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান....................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য................................,কয়রা, খুলনা।

৩০/৫/২৩
মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd